ইত্তেফাক

তারিখ ৭/৯/৮০ পৃষ্ঠা ৪ কলাম ৬

# সমবায়ীদের সাক্ষরতা অভিযানে অংশ গ্রহণের আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস' উপলক্ষে গতকাল (সোমবার) সমবায় সদনে আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা অক্ষরকে বিবর্তনের বাহন এবং অক্ষর জ্ঞানকেই শিক্ষার ভিত্তি হিসাবে চিহ্নিত করিয়া সকল সমবায়ীকে সাক্ষরতা অভিযানে অংশগ্রহণের আহ্বান জানান।

জাতীয় সমবায় ইউনিয়নের উদ্যোগে আয়োজিত এই সভায় প্রধান অতিথি ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) আবদুল হালিম চৌধুরী। সমবায় ইউনিয়নের সভাপতি সংসদ সদস্য জনাব আলী হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সমবায় ইউনিয়নের মুখ্য কর্মকর্তা জনাব এ, কে, এম, জহিরুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় যুব সমবায় কমপ্লেক্সের জনাব এ, এফ, এম, ইয়াহিয়া খান।

ক্যাপটেন (অবঃ) আবদুল হালিম চৌধুরী উৎপাদনকর্মে নিয়োজিত নিরক্ষর কৃষক ও শ্রমিকের হাতে অক্ষরের হাতিয়ার তুলিয়া দেওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সমবায় আন্দোলনকে সার্থক করার জন্য ১৯৮০ সনের মধ্যে দেশের প্রত্যেকটি থানায় সমবায় ব্যাংক প্রতিষ্ঠা করা হইবে বলিয়া তিনি উল্লেখ করেন।

024